

অগ্রণী ব্যাংক লিমিটেড

উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০২০-২১

উদ্ভাবনী উদ্যোগ/ধারণা বাস্তবায়নের পরিকল্পনা প্রনয়ণের (ক্যালেন্ডার) হকঃ

ব্যাংক/বীমা /আর্থিক প্রতিষ্ঠানের নাম	উদ্ভাবনী আইডিয়া/ ধারণার নাম	উদ্ভাবনী আইডিয়া/ধারণা এর সংক্ষিপ্ত বিবরণ	বাস্তবায়ন কাল		ডেমো প্রদর্শন এবং পাইলটিং শুরুর তারিখ	দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা	প্রত্যাশিত ফলাফল (কাজটি সম্পন্ন হলে গুনগত বা পরিমান কি পরিবর্তন আসবে)
			শুরুর তারিখ	শেষের তারিখ			
১	২	৩	৪	৫	৬	৭	৮
অগ্রণী ব্যাংক লিমিটেড	ব্যাংকিং এট হোম (Banking at Home)	<p>একাউন্ট খোলা, চেক বই রিকুইজিশন দেয়া এবং ঋণের জন্য আবেদন করার নিমিত্তে গ্রাহককে কখনোই ব্যাংকে এসে ফরম সংগ্রহ কিংবা তা জমা দেয়ার প্রয়োজন পড়বে না। গ্রাহকরা নতুন হিসাব খোলার জন্য নির্দিষ্ট একটি ওয়েবসাইটে প্রবেশ করে ফরম ফিলাপ করবে এবং এতদসংশ্লিষ্ট ডকুমেন্টসমূহ ছবি তুলে/স্ক্যান করে আপলোড দিবে। অতঃপর একাউন্ট ওপেনিং বাবদ জমাকৃত অর্থ যে কোন মোবাইল ব্যাংকিং/প্লাস্টিক কার্ড ইত্যাদি ব্যবহার করে শাখার নির্দিষ্ট হিসাব নম্বরে নির্দিষ্ট ইউনিক রেফারেন্স নম্বর ব্যবহার করে জমা দিবে। অতঃপর শাখা কর্তৃক একটি থ্যাংকস লেটার জেনারেট হয়ে গ্রাহকের মেইলে কিংবা ম্যাসেজ আকারে তার মোবাইলে প্রেরণ করা যাবে। শুধুমাত্র গ্রাহকের এনআইডি ভেরিফাই করলেই চলবে। এতে করে গ্রাহক যে কোন অংকের টাকা তার একাউন্টে জমা করতে পারবে। তবে, হিসাবটিকে প্রাথমিকভাবে পোস্ট নো ডেবিট করে রাখা হবে। চেকবই/টাকা উত্তোলন কিংবা ফান্ড ট্রান্সফারের জন্য গ্রাহককে অন্ততঃ ১ম বার সরাসরি শাখায় এসে নিজেই চিহ্নিত করার পাশাপাশি নির্ধারিত কিছু কন্ডিশন পেপারে স্বাক্ষর করতে হবে। এরপরেই গ্রাহকের একাউন্টটি ডেবিট উপযোগী হবে এবং ইস্যুকৃত চেকবইটি গ্রাহকের ওপেনকৃত হিসাব নম্বরের বিপরীতে পোস্টিং দেয়া যাবে।</p> <p>আর ঋণের আবেদনের ক্ষেত্রেও (পাইলট প্রজেক্ট হিসেবে পার্সোনাল লোন) একইভাবে উক্ত ওয়েবসাইটের মাধ্যমে সাবমিট করলেই সংশ্লিষ্ট শাখা তা দেখতে পারবে। অতঃপর গ্রাহক কর্তৃক সাবমিটকৃত তথ্যাদি যেমন- গ্রাহকের বেতন(আয়), এনআইডি, শাখাস্থ সেভিংস একাউন্ট নাম্বার, সিআইবি ইত্যাদি বিবেচনা করে গ্রাহকে Text মেসেজ পাঠিয়ে নির্ধারিত শাখায় আসার জন্য আমন্ত্রণ জানানো হলে গ্রাহক শাখায় এসে নিজেই চিহ্নিত করার পাশাপাশি প্রয়োজনী ডকুমেন্টে স্বাক্ষর করলে দ্রুততম সময়ে ঋণ বিতরণ করা যাবে।</p>	১ জানুয়ারী, ২০২১	৩১ ডিসেম্বর, ২০২১	<p>১। গত ১৭/১২/২০২০ তারিখ উদ্ভাবনী উদ্যোগ/ধারণা এর ডেমো প্রদর্শিত হয়েছে।</p> <p>২। ডিসেম্বর, ২০২০ এর মধ্যে পাইলটিং শুরুর বিষয়ে সিদ্ধান্ত হয়েছে।</p>	জনাব মুহাম্মদ মাহমুদ হাসান, মহাব্যবস্থাপক (সিআইটিও) ও মুঃ আফজাল হোসেন, উপমহাব্যবস্থাপক (আইটি এন্ড এমআইএস ডিভিশন)	ব্যাংকিং সার্ভিসকে অধিক সহজতর করার মাধ্যমে জনগণের দোরগোড়ায় ব্যাংকিং সেবা পৌঁছে দেওয়া সম্ভব হবে।

